# রাজশাহী বোর্ড-২০১৯

## হিসাববিজ্ঞান
## সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ

১.▶ নিচের রেওয়ামিলটি রাহাত ট্রেডার্সের হিসাব বহি থেকে নেওয়া হয়েছে :

**রাহাত ট্রেডার্স**
**রেওয়ামিল**
৩০ জুন ২০১৭

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,০০,০০০ | ২,৮৫,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৭০,০০০ | ৯০,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৮০,০০০ | ১,৫০,০০০ |
| ফেরত | ১০,০০০ | ৭,৫০০ |
| বহিঃপরিবহন | ১৬,৫০০ | |
| উত্তোলনের সুদ | | ৫,০০০ |
| ভাড়া | ১২,০০০ | |
| ব্যাংক চার্জ | ৩,০০০ | |
| কুঋণ সঞ্চিতি | | ৪,৫০০ |
| নগদ বাট্টা | ৮,৫০০ | ১০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫২,০০০ | |
| স্থায়ী সম্পদ | ২,০০,০০০ | |
| | ৫,৫২,০০০ | ৫,৫২,০০০ |

**সমন্বয়সমূহ:** i. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২০,০০০ টাকা যার বাজারমূল্য ২২,০০০ টাকা। ii. প্রাপ্য হিসাবের ১০% কুঋণ সঞ্চিতি হিসাবভুক্ত করো। iii. স্থায়ী সম্পদের ৫% অবচয় ধরতে হবে। iv. ধারে বিক্রয় ১৫,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।

Teachingbd24.com

ক. নিট প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত বছরের মোট মুনাফা/ক্ষতি নির্ণয় করো। ৪

গ. মোট মুনাফা ১,৭২,০০০ টাকা ধরে রাহাত ট্রেডার্সের সমাপ্ত বছরের জন্য নিট মুনাফা/ক্ষতি নির্ণয় করো। ৪

২.▶ ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে আলিফ ট্রেডার্স এর হিসাবের বই থেকে সংগৃহীত তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রদেয় বিল | ১১,০০০ |
| নিট মুনাফা | ২৭,৫০০ |
| নিট বিক্রয় | ৪৪,০০০ |
| বকেয়া খরচাবলি | ১০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৩২,০০০ |
| অগ্রিম ভাড়া | ১৫,৫০০ |
| বিনিয়োগ | ৬৪,৩০০ |
| মূলধন | ৫৫,০০০ |
| অতিরিক্ত মূলধন | ২২,০০০ |
| প্রাপ্য বিল | ১১,০০০ |
| সুনাম | ১৪,৭০০ |
| ব্যাংক জমা | ৩২,০০০ |

ক. নিট মুনাফার হার নির্ণয় করো। ২

খ. আলিফ ট্রেডার্সের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে আলিফ ট্রেডার্সের দায় পরিশোধ ক্ষমতা যাচাই করো। ৪

## খ বিভাগ

৩.▶ নওশাদ এন্টারপ্রাইজ-এর ২০১৬ সালের মে মাসে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয়:

মে ১ নগদ ৬০,০০০ টাকা, আসবাবপত্র ১৫,০০০ টাকা ও ব্যাংক ঋণ ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

" ৫ বাকিতে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।

" ১০ ব্যাংক ঋণ পরিশোধ করেন ১৬,০০০ টাকা।

" ১৪ রহিম ট্রেডার্সের নিকট ৫০ টাকা দরে ২০০ কেজি চিনি বিক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং ১০৫।

https://teachingbd24.com

মে ২০ দোকান ভাড়া পরিশোধ করেন ৪,৫০০ টাকা।
" ২৮ প্রাপ্য হিসাবের ১০,০০০ টাকা পাওয়া গেল।

ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. ১৪ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত করো। ৪

গ. ১৪ ও ২০ তারিখের লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেন দ্বারা প্রমাণ করো যে, A = L + E। ৪

৪.▶ রাজা এন্ড সন্স ২,৫০,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ১ মার্চ ২০১৫ তারিখে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলি নিম্নরূপ:

মার্চ ১০ বৈশাখী ট্রেডার্স থেকে চেকে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।
" ১৫ অফিস ভাড়া প্রদান ১২,০০০ টাকা।
" ২০ কম্পিউটার ক্রয় করা হলো ৫০,০০০ টাকা।
" ২৫ মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৮,০০০ টাকা।
" ৩০ বকেয়া বেতন ৭,০০০ টাকা।
" ৩১ প্রিন্টার মেশিন ক্রয় ১৫,০০০ টাকা।

ক. মাস শেষে ব্যাংক জমার উদ্বৃত্ত দেখাও। ২

খ. ১০, ১৫, ২০ ও ২৫ তারিখের লেনদেন দ্বারা জাবেদা প্রস্তুত করো। ৪

গ. চলমান জের ছকে 'ক্রয় হিসাব' ও 'অফিস সরঞ্জাম' হিসাবের খতিয়ান প্রস্তুত করো। ৪

৫.▶ জনাব রমজান আলীর ব্যবসায়ের ২০১৭ সালের জানুয়ারি মাসের লেনদেনসমূহ নিম্নরূপ:

জানু. ১ তিনি নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৫ লভ্যাংশ প্রাপ্তি ১০,০০০ টাকা।
" ১২ প্রাপ্য কমিশন ২,০০০ টাকা।
" ১৮ কাগজ ও কালি ক্রয় ১,০০০ টাকা।
" ৩০ বিমা প্রিমিয়াম প্রদান ৫,৫০০ টাকা।

ক. জনাব রমজান আলীর ব্যবসায়ের মোট ব্যয়ের পরিমাণ কত? ২

খ. ১-১৮ তারিখের লেনদেনগুলো কোন শ্রেণির হিসাবের অন্তর্ভুক্ত তা উল্লেখ করো। ৪

Teachingbd24.com

গ. ১-১৮ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট পক্ষ শনাক্ত করো। ৪

৬.▶ ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে সোনার বাংলা ট্রেডিং থেকে খতিয়ান উদ্বৃত্তগুলো গৃহীত হয়েছে:

| বিবরণ | টাকা |
|---|---|
| প্রদেয় হিসাব | ৩৫,০০০ |
| প্রাপ্য হিসাব | ৩০,০০০ |
| হাতে নগদ (৩১-১২-২০১৭) | ৮,০০০ |
| হাতে নগদ (০১-০১-২০১৭) | ১০,০০০ |
| মোটরগাড়ি | ১,০০,০০০ |
| যন্ত্রপাতি | ২,০০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ |
| সমাপনী মজুদ পণ্য | ১২,৫০০ |
| কমিশন | ৬০০ |
| পরিবহন | ১,৬০০ |
| বিক্রয় | ১,৯০,০০০ |
| ৬% ব্যাংক ঋণ | ১,৩৪,০০০ |
| মূলধন | ১,০০,০০০ |
| ক্রয় | ১,০০,০০০ |

ক. যে হিসাবের উদ্বৃত্তগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ কত? ২

খ. স্থায়ী সম্পদ ও দীর্ঘমেয়াদি দায়ের মধ্যে পার্থক্য কত? ৪

গ. খতিয়ান উদ্বৃত্তগুলোর সাহায্যে একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

৭.▶ ২০১৭ সালের ফেব্রুয়ারি মাসে এসএসসি সাপ্লিমেন্ট: হিসাববিজ্ঞান-**১৫ঘ** লেনদেনগুলি নেওয়া হয়েছে:

ফেব্রু. ১ নগদ বিক্রয় ১২,০০০ টাকা।
" ২ নগদে পণ্য ক্রয় ৬,০০০ টাকা।
" ৫ মতিন ব্রাদার্সকে ৫৬২নং চেকে পরিশোধ ৩,০০০ টাকা।
" ৮ গোবিন্দ ট্রেডার্স থেকে প্রাপ্তি ৪,০০০ টাকা।
" ১০ ডজন ৬০০ টাকা দরে ৪০ ডজন সাবান ক্রয়ের ফরমায়েশ প্রদান।

Teachingbd24.com

ফেব্রু. ১৫ জাফর ট্রেডিং থেকে ৫,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৪,৫০০ টাকা প্রাপ্তি।
" ২০ নাবিলাকে চেকে পরিশোধ ১,৮০০ টাকা বাট্টা প্রাপ্তি ২০০ টাকা।
" ২১ মনিহারি ব্যয় ৮০০ টাকা।
" ২৫ পুরাতন খবরের কাগজ বিক্রয় ৫০০ টাকা।

ক. মোট কত টাকার ফরমায়েশ প্রদান করা হয়? ২
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে একটি নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪
গ. জনাব মোবারক এর ব্যবসায়ের লেনদেনগুলি থেকে একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

**৮.▶** রওশন ইলেক্ট্রনিকস এন্ড কোং একটি LED টেলিভিশন প্রস্তুতকারী প্রতিষ্ঠান। ২০১৭ সালের এপ্রিল মাসে ১,০০০টি টেলিভিশন প্রস্তুতের ব্যয় নিম্নরূপ:
কাঁচামাল ২,০০,০০০ টাকা; টেলিভিশন তৈরির শ্রম ব্যয় ১,২০,০০০ টাকা; কারখানার উপরিব্যয় শ্রম ব্যয়ের ৪০%; অফিস খরচ ১২,০০০ টাকা; শোরুম খরচ ১০,০০০ টাকা; টেলিফোন বিল ৫,০০০ টাকা।

ক. রওশন ইলেক্ট্রনিকস এন্ড কোং এর মুখ্য ব্যয়ের পরিমাণ কত? ২
খ. রওশন ইলেক্ট্রনিকস এন্ড কোং এর মোট ব্যয়ের পরিমাণ কত? ৪
গ. যদি মোট ব্যয়ের উপর ২৫% মুনাফা ধরা হয়, তাহলে প্রতিটি টেলিভিশনের বিক্রয়মূল্য কত? ৪

Teachingbd24.com

**৯.▶** ১ জানুয়ারি ২০১৫ মি. নিজাম-এর সম্পদ ও দায়দেনার পরিমাণ ছিল: ভূমি ও দালান ২,১০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৪০,০০০ টাকা, গহনা ৩৫,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, ইলেক্ট্রনিকস দ্রব্য ২০,০০০ টাকা, হাতে নগদ ১২,০০০ টাকা। উক্ত বছরে তার প্রাপ্তি ও প্রদানের তথ্য নিচে দেয়া হলো:

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (১.১.২০১৫) | ১২,০০০ | দৈনিক খাদ্য ও পানীয় | ১,২৫,০০০ |
| বেতন | ৩,০০,০০০ | গ্যাস ও বিদ্যুৎ | ১৫,০০০ |
| বাসা ভাড়া | ৬০,০০০ | টেলিফোন বিল | ১০,০০০ |
| কৃষি আয় | ৭০,০০০ | শিক্ষা ব্যয় | ৬০,০০০ |
| ব্যবসায় আয় | ৫৮,০০০ | জমি ক্রয় | ২,৮০,০০০ |
| | | উদ্বৃত্ত | ১০,০০০ |
| | ৫,০০,০০০ | | ৫,০০,০০০ |

ক. মি. নিজামের পারিবারিক তহবিল কত টাকা? ২
খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪
গ. মি. নিজাম-এর আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

১০.▶ জনাব ইলহান তার ব্যবসায়ে দুতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০১৭ সালে তার ব্যবসায়ের তথ্যাবলি: নগদ ৭০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৪০,০০০ টাকা এবং বাকিতে পণ্য ক্রয়ের পরিমাণ ৩০,০০০ টাকা। উক্ত বছরে জনাব ইলহান ব্যবসায়ে আরও ৩৫,০০০ টাকা নতুন বিনিয়োগ করেন। তিনি প্রতি মাসে ১,৫০০ টাকা নগদ উত্তোলন করেন। ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল: ভূমি ২,০০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ২৫,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ২৫,০০০ টাকা।

ক. জনাব ইলহানের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২
খ. জনাব ইলহানের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৯০,০০০ টাকা ধরে উক্ত ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

১১.▶ জনাব মিশার ব্যবসায় থেকে নিম্নের তথ্যাবলি সংগ্রহ করা হয়েছে:

২০১৭

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | একটি নতুন মেশিন ক্রয় ৫০,০০০ টাকা। |
| " | ৩ | উক্ত মেশিনটির সংস্থাপন ব্যয় ৩,৫০০ টাকা। |
| " | ৫ | পুরাতন কম্পিউটার মেরামত ২,০০০ টাকা। |
| " | ১০ | ব্যাংক জমার সুদ ১,৫০০ টাকা। |
| " | ১৫ | ব্যবসায় স্থানান্তর ব্যয় ১২,০০০ টাকা। |
| " | ২০ | পণ্য গবেষণা ব্যয় ৬,০০০ টাকা। |
| " | ২৩ | শিক্ষানবিশ সেলামি ৫,০০০ টাকা। |
| " | ২৫ | গাড়ির মেরামত ব্যয় ৬,০০০ টাকা। |

ক. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় কত? ২
খ. মুনাফাজাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. মার্চ ১ তারিখে ক্রয়কৃত মেশিনটি ক্রয় মূল্যের উপর ২০% লাভে বিক্রি করলে মূলধনজাতীয় আয় কত টাকা? ৪

https://teachingbd24.com

# উত্তরমালা

১. ক. নিট প্রাপ্য হিসাবের পরিমাণ ৭৬,৫০০ টাকা। খ. মোট মুনাফা ১,৬৫,৫০০ টাকা। গ. নিট মুনাফা ১,৩৩,০০০ টাকা।

২. ক. নিট মুনাফার হার ৬২.৫০%। খ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ১,৬৯,৫০০ টাকা, অনিশ্চিত হিসাব ৪৪,০০০ টাকা (দায়)।

৩. ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৭৫,০০০ টাকা।

৪. ক. মাস শেষে ব্যাংক জমার পরিমাণ ২,০০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ১,২০,০০০ টাকা। গ. ক্রয় হিসাবের ডেবিট জের ৪২,০০০ টাকা এবং অফিস সরঞ্জাম হিসাবের ডেবিট জের ৬৫,০০০ টাকা।

৫. ক. মোট ব্যয়ের পরিমাণ ৬,৫০০ টাকা।

৬. ক. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ ২২,৫০০ টাকা। খ. স্থায়ী সম্পদ ও দীর্ঘমেয়াদি দায়ের পার্থক্য ১,৬৬,০০০ টাকা। গ. রেওয়ামিলের যোগফল ৪,৬০,২০০ টাকা এবং অনিশ্চিত হিসাব ১,২০০ টাকা (ক্রেডিট)।

৭. ক. ফরমায়েশ প্রদানের মোট পরিমাণ ২৪,০০০ টাকা। খ. নগদ প্রাপ্তি জাবেদার যোগফল: নগদ ২১,০০০ টাকা, প্রদত্ত বাট্টা ৫০০ টাকা, বিক্রয় ১২,০০০ টাকা, দেনাদার ৯,০০০ টাকা এবং অন্যান্য হিসাব ৫০০ টাকা। গ. নগদ প্রদান জাবেদার যোগফল: ক্রয় ৬,০০০ টাকা, পাওনাদার ৫,০০০ টাকা, অন্যান্য হিসাব ৮০০ টাকা, প্রাপ্ত বাট্টা ২০০ টাকা এবং নগদ ১১,৬০০ টাকা।

৮. ক. মুখ্য ব্যয়ের পরিমাণ ৩,২০,০০০ টাকা। খ. মোট ব্যয়ের পরিমাণ ৩,৯৫,০০০ টাকা। গ. প্রতিটি টেলিভিশনের বিক্রয়মূল্য ৪৯৩.৭৫ টাকা।

৯. ক. পারিবারিক তহবিল ২,৮৭,০০০ টাকা। খ. আয় উদ্বৃত্ত বা ব্যয়াতিরিক্ত আয় ২,৭৮,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৬,০৫,০০০ টাকা।

১০. ক. প্রারম্ভিক মূলধনের পরিমাণ ৮০,০০০ টাকা। খ. সমাপনী মূলধনের পরিমাণ ২,০০,০০০ টাকা। গ. ব্যবসায়ের লাভের পরিমাণ ৯৩,০০০ টাকা।

১১. ক. মোট বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ১৮,০০০ টাকা। খ. মুনাফা জাতীয় আয় ৬,৫০০ টাকা ও মুনাফা জাতীয় ব্যয় ৮,০০০ টাকা। গ. মূলধন জাতীয় আয়ের পরিমাণ ১০,৭০০ টাকা।

Teachingbd24.com
https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: | ১ | ৪ | ৬ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. কিসের মাধ্যমে প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ফলাফল অর্জন সম্ভব?**

ক) ব্যয় নিয়ন্ত্রণ খ) বিক্রয় বৃদ্ধি
গ) সুনাম বৃদ্ধি ঘ) হিসাব সংরক্ষণ

**২. কোনটি অদৃশ্যমান লেনদেনের উদাহরণ?**

ক) সাধারণ সঞ্চিতি খ) বাট্টা সঞ্চিতি
গ) কুঋণ ঘ) অবচয়

**৩. একতরফা দাখিলা পদ্ধতিতে মুনাফা/ক্ষতি নির্ণয়ে কোন দফাটি সমাপনী মূলধনের সহিত যোগ করতে হয়?**

ক) উত্তোলন খ) প্রারম্ভিক মূলধন
গ) অতিরিক্ত মূলধন ঘ) বিনিয়োগ

**৪. আর্থিক বিবরণী প্রস্তুত সহজতর করতে বহুঘরবিশিষ্ট ঐচ্ছিক কাজ কোনটি?**

ক) খতিয়ান খ) রেওয়ামিল
গ) জাবেদা ঘ) কার্যপত্র

**উদ্দীপকটি পড়ো এবং ৫ নং প্রশ্নের উত্তর দাও।**

রেজা তার প্রতিষ্ঠানের স্বাভাবিক কর্মকাণ্ড পরিচালনা করার পর অতিরিক্ত অর্থ দ্বারা একটি স্বনামধন্য কোম্পানির শেয়ার ক্রয় করলেন। আরও অর্থ থাকায় ১০ বছরের জন্য সঞ্চয়পত্র ক্রয় করেন।

**৫. উদ্দীপকে উল্লিখিত লেনদেন নিম্নের কোন হিসাবকে নির্দেশ করে?**

ক) ঋণ হিসাব খ) বিনিয়োগ হিসাব
গ) প্রাপ্য হিসাব ঘ) মূলধন হিসাব

**৬. অগ্রিম মজুরি প্রদান ৫,০০০ টাকা। এ লেনদেনটি নিম্নের কোন জাবেদার অন্তর্ভুক্ত হবে?**

ক) সংশোধনী জাবেদা
খ) সমন্বয় জাবেদা
গ) সমাপনী জাবেদা
ঘ) প্রারম্ভিক জাবেদা

**৭. কোন বহি প্রস্তুত করা বাধ্যতামূলক?**

ক) জাবেদা খ) নগদান
গ) খতিয়ান ঘ) রেওয়ামিল

**৮. ব্যবসায় পরিচালনার জন্য নিচের কোনটি প্রয়োজন?**

ক) মূলধন খ) সুনাম
গ) আসবাবপত্র ঘ) নগদ অর্থ

**৯. ভূমি ও দালানকোঠা ক্রয় করে ক্রয় হিসাব ডেবিট করা হলো— ইহা কোন ধরনের ভুল?**

ক) বাদ পড়ার ভুল খ) লেখার ভুল
গ) নীতিগত ভুল ঘ) পরিপূরক ভুল

**১০. কোনটি ব্যবসায়ের মূল পরিচালন আয়?**

ক) বিক্রয় খ) প্রাপ্ত লভ্যাংশ
গ) বিনিয়োগের সুদ ঘ) কমিশন প্রাপ্তি

**১১. ক্রয়মূল্য নির্ধারণে নিম্নের কোন উপাদানটি বিবেচনা করতে হবে?**

ক) বাড়িভাড়া খ) ট্রাক ভাড়া
গ) দোকান ভাড়া ঘ) গুদাম ভাড়া

**১২. প্রত্যক্ষ শ্রম + কারখানা উপরিব্যয় = কী?**

ক) রূপান্তর ব্যয় খ) উৎপাদন ব্যয়
গ) মুখ্য ব্যয় ঘ) মোট ব্যয়

**১৩. আলিফ একজন ল্যাপটপ বিক্রেতা। তিনি ব্যবসায়ের জন্য ৫০টি ল্যাপটপ ক্রয় করেন। উক্ত ক্রয় কোন ধরনের ব্যয়?**

ক) মুনাফা জাতীয় ব্যয়
খ) মূলধন জাতীয় ব্যয়
গ) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
ঘ) স্থায়ী ব্যয়

**১৪. কোনটি মুনাফা জাতীয় আয়?**

ক) পণ্য বিক্রয় খ) শেয়ার বিক্রয়
গ) ঋণ গ্রহণ ঘ) ব্যাংক সুদ ধার্য

**১৫. কোন ধারণা অনুযায়ী স্থায়ী সম্পত্তির ওপর অবচয় ধরা হয়?**

ক) চলমান প্রতিষ্ঠান ধারণা
খ) হিসাবকাল ধারণা
গ) বস্তুনিষ্ঠতা ধারণা
ঘ) বকেয়া ধারণা

**১৬. বাকিতে পণ্য ক্রয়ের ফলে হিসাব সমীকরণের কোন উপাদানটি বৃদ্ধি পাবে?**

ক) A বৃদ্ধি খ) R বৃদ্ধি
গ) L বৃদ্ধি ঘ) E বৃদ্ধি

**১৭. শিল্প কারখানা থেকে নির্গত বর্জ্য দ্বারা পানিদূষণ রোধে ব্যবসায় প্রতিষ্ঠানগুলো কোন ধরনের দায়বদ্ধতা থেকে অনেক ব্যয় করে থাকে?**

ক) সামাজিক দায়বদ্ধতা
খ) ব্যবসায়িক দায়বদ্ধতা
গ) রাষ্ট্রীয় দায়বদ্ধতা
ঘ) ব্যক্তিগত দায়বদ্ধতা

https://teachingbd24.com

১৮. বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা এবং বেতন প্রদান ৫,০০০ টাকা হিসাবভুক্ত হবে—

i. নগদপ্রাপ্তি জাবেদায়
ii. নগদ প্রদান জাবেদায়
iii. বিক্রয় জাবেদায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. স্কেল ও ক্লিপ ক্রয় কোন হিসাবে লিপিবদ্ধ হবে?

ক) অফিস সাপ্লাইজ খ) মনিহারি
গ) অফিস সরঞ্জাম ঘ) ক্রয়

২০. পণ্য চুরি কারণে নিম্নের কোন হিসাবটি ডেবিট হবে?

ক) ক্রয় হিসাব খ) উত্তোলন হিসাব
গ) পাওনাদার হিসাব ঘ) বিবিধ ব্যয় হিসাব

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব সায়েম ট্রেডার্স হিশম ট্রেডার্স-এর নিকট ৫% কারবারি বাট্টায় ৩০,০০০ টাকার পণ্য বিক্রয় করেন। বিক্রয় শর্ত ৩/১৫, নিট ৪০।

২১. উদ্দীপকের বিক্রয় শর্তে উল্লিখিত বাট্টা কোন ধরনের?

ক) বিক্রয় বাট্টা খ) প্রাপ্ত বাট্টা
গ) প্রদত্ত বাট্টা ঘ) ক্রয় বাট্টা

২২. যদি হিশাম ট্রেডার্স ১০ দিনের মধ্যে তাঁর দেনার টাকা পরিশোধ করেন তাহলে কত টাকা বাট্টা পাবেন?

ক) ৮৫৫ টাকা খ) ৯০০ টাকা
গ) ১৪২৫ টাকা ঘ) ১৫০০ টাকা

২৩. হিসাবের চলমান জের ছকে—

i. তাৎক্ষণিক জের জানা যায়
ii. মোট ডেবিট টাকা জানা যায়
iii. ব্যালেন্স সি/ডি ও বি/ডি অপ্রয়োজনীয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. পারিবারিক তহবিল নির্ণয়ে নিম্নের কোনটি ব্যবহার করা হয়?

ক) প্রারম্ভিক ব্যাংক জমাতিরিক্ত
খ) সমাপনী হাতে নগদ
গ) টেলিভিশন ক্রয়
ঘ) কম্পিউটার ক্রয়

২৫. চলতি বছরের বাড়িভাড়া প্রাপ্তির বকেয়া হিসাবভুক্ত হবে—

i. প্রাপ্তি ও প্রদান হিসাব
ii. আয়-ব্যয় বিবরণীতে
iii. আর্থিক অবস্থার বিবরণীতে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. রেওয়ামিলে ডেবিট ও ক্রেডিট উদ্বৃত্তগুলো সঠিকভাবে লিপিবদ্ধ করার পরেও ডেবিট দিকে কিছু টাকা কম হয়। এক্ষেত্রে নিম্নের কোন হিসাবটি খুলতে হবে?

ক) মূলধন হিসাব খ) উত্তোলন হিসাব
গ) প্রাপ্য হিসাব ঘ) অনিশ্চিত হিসাব

২৭. পুরোপুরি পরিশোধের নিমিত্তে ৭,০০০ টাকার স্থলে ৬,৮০০ টাকা প্রাপ্তি কোন হিসাবের বইয়ে অন্তর্ভুক্ত হবে?

ক) একঘরা নগদান বই
খ) দুঘরা নগদান বই
গ) তিনঘরা নগদান বই
ঘ) নগদ প্রদান জাবেদা

**উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**

বিন্দু এন্টারপ্রাইজ-এর রেওয়ামিলে বিজ্ঞাপনের পরিমাণ ৫,০০,০০০ টাকা। সমন্বয়ে বিনামূল্যে পণ্য বিতরণ ২০,০০০ টাকা এবং বিজ্ঞাপন ৫ বছরের জন্য প্রদান করা হয়েছে বলে উল্লেখ করা হয়।

২৮. বিনামূল্যে পণ্য বিতরণ হিসাবভুক্ত না করলে বিন্দু এন্টারপ্রাইজ-এর বিশদ আয় বিবরণীতে বিজ্ঞাপন বাবদ কত টাকা বসবে?

ক) ১,০০,০০০ টাকা খ) ১,০৪,০০০ টাকা
গ) ৪,০০,০০০ টাকা ঘ) ৪,১৬,০০০ টাকা

২৯. বিনামূল্যে পণ্য বিতরণ হিসাবভুক্ত করলে বিন্দু এন্টারপ্রাইজ-এর আর্থিক অবস্থার বিবরণীতে বিজ্ঞাপন বাবদ কত টাকা বসবে?

ক) ৪,০০,০০০ টাকা খ) ৪,১৬,০০০ টাকা
গ) ৫,০৪,০০০ টাকা ঘ) ৫,২০,০০০ টাকা

৩০. উৎপাদন ব্যয় নির্ণয়ের উদ্দেশ্য কোনটি?

ক) বিক্রয়মূল্যের পরিমাণ নির্ণয়
খ) মোট ব্যয়ের পরিমাণ নির্ণয়
গ) প্রকল্প মূল্যায়ন
ঘ) নতুন বাজার সৃষ্টি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ |

https://teachingbd24.com